



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
দক্ষিণ এশিয়া অণুবিভাগ
সেগুনবাগিচা, ঢাকা
www.mofa.gov.bd



নং- ১৯.০০.০০০০.৪১১.৩৮.২০১.২১-৯৯৭

১৪ সেপ্টেম্বর ২০২১

প্রেরক: সুবর্ণা শামীম
সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

প্রাপক: জনাব শাবাব বিন আহমেদ
পরিচালক (দক্ষিণ এশিয়া-১)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

বিষয়ঃ আগামী ২১-২৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিতব্য বাংলাদেশ-ভারত ৪র্থ (চতুর্থ) যৌথ সীমানা সম্মেলনে অংশগ্রহণের জন্য সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ২১-২৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিতব্য বাংলাদেশ ও ভারত ৪র্থ (চতুর্থ) যৌথ সীমানা সম্মেলনের বাংলাদেশের প্রতিনিধি দলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য আপনার অনুকূলে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

০২। উল্লিখিত ভ্রমণের শর্তাবলি নিম্নরূপঃ

ক) আপনি আগামী ১৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে বা এর নিকটবর্তী তারিখে ভারতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ২৪ সেপ্টেম্বর ২০২১ বা এর নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।

খ) ভ্রমণকালীন সময়ে আপনি মন্ত্রণালয়ে কর্মরত আছেন বলে গণ্য হবেন এবং আপনি বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

গ) সদস্য হিসেবে আপনি ভ্রমণ সংক্রান্ত যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন; আপনার উক্ত ভ্রমণ সংশ্লিষ্ট ব্যয় বিধি অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে।

ঘ) জরুরি অবস্থা ব্যতীত অনুমোদিত সময়ের অতিরিক্ত আপনি বিদেশে অবস্থান করবেন না।

০৩। রাষ্ট্রীয় প্রয়োজনে ও জনস্বার্থে এই ভ্রমণে যথাযথ কর্তৃপক্ষের সম্মতি রয়েছে।

আপনার একান্ত,


(সুবর্ণা শামীম)
সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১)
ফোনঃ ৪৭১১০৬৪৮

নং- ১৯.০০.০০০০.৪১১.৩৮.২০১.২১-৯৯৭

১৪ সেপ্টেম্বর ২০২১

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব (পূর্ব), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ২। মহাপরিচালক (প্রশাসন/ দক্ষিণ এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৩। পরিচালক (এফএমও / এসএমও/ এফএসও / অর্থ / রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা
- ৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা
- ৬। সহকারী সচিব (সাধারণ সেবা/ তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৭। সহকারী সচিব (আই সি টি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮। বাংলাদেশ দূতাবাস, নয়াদিল্লি, ভারত
- ৯। অফিস কপি।


14/09/21
(সুবর্ণা শামীম)
সহকারী সচিব (দক্ষিণ এশিয়া-১)